

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহানগর দায়রা জজ-এর কার্যালয়  
রাজশাহী।

আদেশ নং-৪১


তারিখঃ ০৪/১১/২০১৯খ্রিঃ

অত্র মহানগর দায়রা জজশীপের যুগ্ম মহানগর দায়রা জজ ২য় আদালত, রাজশাহীতে কর্মরত বেঞ্চ সহকারী জনাব অনুপ কুমার দাস পার্শ্ববর্তী ভারত রাষ্ট্রে অবস্থানরত তাহার আত্মীয়-স্বজনদের সাথে দেখা সাক্ষাৎসহ ঐতিহাসিক তীর্থস্থান পরিদর্শনের লক্ষ্যে আসন্ন অবকাশকালীন ছুটিতে আগামী ১৭/১২/১৯ খ্রিঃ হইতে ৩১/১২/১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫(পনের) দিনের জন্য ভারত রাষ্ট্র ভ্রমণের অনুমতি প্রার্থনা করিলে তাহার আবেদনপত্র যুগ্ম মহানগর দায়রা জজ ২য় আদালত, রাজশাহী কার্যালয়ের ২৭/১০/১৯ খ্রিঃ তারিখের ৪৫৬ নং স্মারকে সুপারিশসহ অগ্রগামী করা হইয়াছে।

আবেদনকারীর আবেদন ও বিদেশ ভ্রমণের আবেদন ফরম দেখিলাম। তাহার প্রার্থনা বিবেচনাক্রমে ভারত রাষ্ট্রে অবস্থানরত তাহার আত্মীয়-স্বজনদের সাথে দেখা সাক্ষাৎসহ ঐতিহাসিক তীর্থস্থান পরিদর্শনের নিমিত্তে তাহাকে আসন্ন অবকাশকালীন ছুটিতে আগামী ১৭/১২/১৯ খ্রিঃ হইতে ৩১/১২/১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫(পনের) দিনের জন্য সোনা মসজিদ চেকপোস্ট, চাঁপাইনবাবগঞ্জ দিয়া ভারত রাষ্ট্র গমনের অনুমতি প্রদান করা হইল।

আবেদনকারীর ভারত রাষ্ট্র ভ্রমণের জন্য সরকারী কোন অর্থ বা বৈদেশিক মুদ্রা ব্যয় হইবে না। তাহার ভারত রাষ্ট্র ভ্রমণের যাবতীয় ব্যয় আবেদনকারী নিজ হইতে ব্যয় করিবেন।

সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হউক।


  
(ও,এইচ,এম, ইলিয়াস হোসাইন)  
মহানগর দায়রা জজ  
রাজশাহী।

স্মারক নং- ৩৩৫

তারিখঃ ০৪/১১/২০১৯খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১। যুগ্ম মহানগর দায়রা জজ, ২য় আদালত, রাজশাহী।
- ২। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, মহানগর দায়রা জজ আদালত, রাজশাহী।
- ৩। ইমিগ্রেশন অফিসার, সোনা মসজিদ চেকপোস্ট, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। জনাব অনুপ কুমার দাস, বেঞ্চ সহকারী, যুগ্ম মহানগর দায়রা জজ ২য় আদালত, রাজশাহী।
- ৫। আদেশ বহি/অফিস কপি।

  
(ও,এইচ,এম, ইলিয়াস হোসাইন)  
মহানগর দায়রা জজ  
রাজশাহী।